# নেত্রকোণা জেলা পরিষদের মাসিক স্টাফ মিটিং (৪র্থ সভা) কার্যবিবরণী

সভার স্থানঃ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা এর অফিস কক্ষ।

সভার তারিখঃ ০২/০৯/২০২৬ খ্রি.

সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভাপতিঃ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।

উপস্থিত কর্মকর্তা/কর্মচারী হাজিরা পরিশিস্ট 'ক' তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপিত উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রশাসক, জেলা পরিষদ, নেত্রকোণা উপস্থিত হয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা দেন। অতপরঃ নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ-

১) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নেত্রকোণা জেলা পরিষদের শূণ্য পদে জনবলের তথ্যের বিষয়ে সভায় জানতে চাইলে প্রধান সহকারী, জেলা পরিষদ, নেত্রকোণা জানান যে, অত্র পরিষদে মোট ০৫টি পদ শূণ্য রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

শূণ্য পদে জনবলের তালিকাঃ-

| ক্রমিক | পদের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১। | ষাঁটলিপিকার | ০১টি |
| ২। | উচ্চমান সহকারী | ০১টি |
| ৩। | বার্তা বাহক | ০১টি |
| ৪। | জীপ চালক | ০১টি |
| ৫। | পরিচ্ছন্ন কর্মী | ০১টি |

সিদ্ধান্তঃ আলোচনান্তে বর্ণিত শূণ্য পদ পূরণের উদ্যেগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্মবন্টনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্তঃ আলোচনান্তে কর্মবন্টনের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় অত্র অফিসের প্রধান সহকারীকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

৩) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নেত্রকোণা জেলা পরিষদের নথি সুষ্ঠু পরিচালার জন্য এক শাখা হতে অন্য শাখায় প্রেরণ নিশ্চিত করণের লক্ষ্যে নথি চলাচল রেজিষ্টার চালু আছে কিনা জানতে চান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উক্ত রেজিস্টার চালু না থাকায় অত্র অফিসের প্রধান সহকারীকে নথি চলাচল রেজিস্টার চালু করার নির্দেশ প্রদান করেন।

৪) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নেত্রকোণা জেলা পরিষদের জমিজমা/ সম্পত্তি বিষয়ে জানতে চান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে সম্পত্তি নথি/ রেজিস্টার হালনাগাদ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নেত্রকোণা জেলা পরিষদের চলমান প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে নেত্রকোণা জেলা পরিষদের চলমান প্রকল্পের তালিকা হালনাগাদ প্রস্তুত পূর্বক উপস্থাপন করার জন্য নথি পেশকরী জনাব মোঃ মাঈন উদ্দীন খানকে নির্দেশ প্রদান করেন।

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নেত্রকোণা জেলা পরিষদের কর্মচারীগণের কর্মদক্ষতা বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে নেত্রকোণা জেলা পরিষদের কর্মচারীগণের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য অভ্যন্তরীন প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭) প্রতি ডাকবাংলোর বিদ্যুৎ বিল হতে কেয়ারটেকারগণের ব্যবহৃত ব্যক্তিগত বিদ্যুৎ আলাদা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে নেত্রকোণা জেলা পরিষদের সকল ডাকবাংলোর বিদ্যুৎ বিল হতে কেয়ারটেকারদের ব্যবহৃত বিদ্যুৎ বিল আলাদা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৮) অনেকেই ডাকবাংলো/অডিটরিয়াম/মাল্টিপারপাস হল ব্যবহার করলেও ভাড়া পরিশোধ করেন না মর্মে সভায় উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীগণ অবহিত করেন।

সিদ্ধান্তঃ সকলকে যথাযথভাবে ভাড়া পরিশোধ করতে হবে। ১দিনের কম ব্যবহার বা ফ্রেস হওয়ার বা সাময়িক বিশ্রামের জন্য ব্যবহার করলেও ১দিনের ভাড়া দিতে হবে।

৯) বিবিধ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তঃ- ক) প্রতিটি ডাকবাংলোর প্রতিটি কক্ষে কেবলা নির্দেশক চিহ্ন থাকবে সুবিধজনক স্থানে।
খ) সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কেয়ারটেকার ডাকবাংলো ও অডিটরিয়াম যথার্থ বিস্তারিত সংস্কারের প্রস্তাবনা পাঠাবেন।
গ) জেলা পরিষদ প্রয়োজন অনুযায়ী নথির‍্যাক সরবরাহ করা হবে।
ঘ) ডাকবাংলো অডিটরিয়ামের বোর্ডার/ব্যবহারকারীদের মতামত সংশ্লিষ্ট রেজিস্টারে নিতে হবে।
ঙ) জেলা পরিষদের সকলে সর্বদা ভাল ব্যবহার ও আচরণ প্রদর্শন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৯/২৬

(মোঃ মোরশেদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নেত্রকোণা
ও
সভাপতি
নেত্রকোণা জেলা পরিষদ সভা।

স্মারক নং- ৪৬.০০.৭২০০.০০২.০০২.০৩২.০০২.১৭. ৩৬৯(৪৬)

তারিখ :০৭/০৯/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :
১। সচিব, স্থানীয় সরকার বিভগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
৬। উপপরিচালক, স্থানীয় সককার, নেত্রকোণা।
৭। জনাব...................................................................(জেলা পরিষদের সকল কর্মচারী)।
৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
৯। জেলা পরিষদ ওয়েবসাইট।

০৭/০৯/২৬
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নেত্রকোণা